উপজেলা পরিষদ
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
আগস্ট, ২০১৫ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ	ঃ	১১ আগস্ট, ২০১৫ খ্রি.
সময়	ঃ	বেলা ১২.৩০ ঘটিকা
স্থান	ঃ	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি	ঃ	মোঃ আকমল হোসেন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১		২	৩	৪
১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ।	প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। ফলে কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২	বিভিন্ন কমিটির সুপারিশ-মালা উপস্থাপন/ পর্যালোচনা	ক) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সভার কার্যবিবরণী ঃ জনাব মোঃ আপ্তাব উদ্দিন, চেয়ারম্যান পাইলগাঁও ইউনিয়ন পরিষদ বলেন আমার ইউনিয়নের গুরুত্বপূর্ণ রাস্তা বন্যার পানিতে তলিয়ে গেছে। রাস্তগুলো তলিয়ে যাওয়ায় জনগনের চলাচলের খুবই অসুবিধা হচ্ছে। তিনি পাইলগাঁও ইউনিয়নের মধ্য দিয়ে প্রবাহিত কুশিয়ারা নদীর উভয় পাড়ে বেরী বাঁধ নির্মাণের ব্যবস্থা করার জন্য সভাকে অনুরোধ জানান। এছাড়া তিনি স্বাধীন বাজারের উত্তরের খালে ও বাজারের দক্ষিণে ইউনিয়ন অফিসের সামনের খালে কালভার্ট নির্মাণের জন্য প্রস্তাব করেন। জনাব মোঃ মজলুল হক, চেয়ারম্যান রানীগঞ্জ ইউপি বলেন আকস্মিক বন্যা থেকে রক্ষা পেতে হলে কুশিয়ারা নদীর উভয় পাড়ে বেরী বাঁধ অত্যন্ত জরুরী। তিনি জানান বেরী বাঁধ না থাকায় নদীর পানি উপচে গিয়ে পার্শ্ববর্তী পাইলগাঁও ইউনিয়নসহ রানীগঞ্জ ইউনিয়নের রানীগঞ্জ বাজার ও এলাকার বিভিন্ন ঘরবাড়ি পানিতে তলিয়েছে । তিনি অভিলম্বে কুশিয়ারা নদীর উভয়পাড়ে বেরী বাঁধ নির্মাণের জোরালো দাবী জানান।	বিস্তারিত আলোচনান্তে পাইলগাঁও ও রানীগঞ্জ ইউনিয়নের মধ্য দিয়ে প্রবাহিত কুশিয়ারা নদীর উভয়পাড়ে বেরী বাঁধ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া পাইলগাঁও ইউনিয়নের স্বাধীন বাজারের উত্তরের খালে ও দক্ষিণে ইউনিয়ন অফিসের সামনের খালে কালভার্ট নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ

৩		খ) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন আগামী ০৯/০৮/২০১৫ খ্রি. তারিখে ৪৪ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করা হবে। উক্ত ক্রীড়া প্রতিযোগীতায় পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকায় উপজেলা পরিষদ তহবিল থেকে ১০,০০০/= (দশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের বসার সংকট দূর করার জন্য উপজেলা পরিষদের মাধ্যমে বেঞ্চ ও ডেস্ক প্রদানের অনুরোধ জানান। এছাড়া যে সকল মাধ্যমিক বিদ্যালয়ে ভবন সংকট রয়েছে সেগুলোতে ভবণ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে ৪৪ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগীতার আয়োজনের জন্য উপজেলা পরিষদ তহবিল থেকে ১০,০০০/= (দশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদানের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের বসার সংকট দূর করার জন্য উপজেলা পরিষদের মাধ্যমে বেঞ্চ ও ডেস্ক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং নতুন ভবন নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ
		গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্যবিবরণী ঃ জনাব মোছাঃ হাজেরা বারী, মহিলা ভাইস চেয়ারম্যান ও সভার সভাপতি বলেন উপজেলা পরিষদের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ৩৩ জন সহকারী স্বাস্থ্য পরিদর্শককে ব্যাগ ও রেইনকোর্ট প্রদান করা হয়েছে। যার ফলশ্রুতিতে স্বাস্থ্য পরিদর্শকদের কাজে মনোনিবেশ ও আগ্রহ সৃষ্টি হয়েছে। তিনি স্বাস্থ্য খাতের উন্নয়নের স্বার্থে বাকী সকল স্বাস্থ্য কর্মীদের ব্যাগ ও রেইনকোর্ট প্রদানের অনুরোধ জানান। জনাব ডাঃ মোঃ আব্দুল হাকিম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পণা কর্মকর্তা বলেন স্বাস্থ্যসেবার পাশাপাশি স্বাস্থ্য সম্মত পরিবেশ প্রয়োজন। তিনি জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল ইউনিটের স্বাস্থ্য সম্মত পরিবেশ রয়েছে। তিনি আরও জানান স্বাস্থ্য কমপ্লেক্সের আঙ্গিনায় কিছু খোলা জায়গা রয়েছে এবং সেখানে ফুল গাছসহ কিছু ফলজ ও ঔষুধি গাছ লাগানো আছে। কিন্তু অত্যান্ত পরিতাপের বিষয় সেখানে কোনা দেয়াল বা বেরা না থাকায় বাহিরের লোকজন এসে মলমূত্র ত্যাগকরে দেয়। তাই সেখানে জরুরী ভিত্তিতে একটি কাঁটা তারের বেরা প্রদান করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য খাতের উন্নয়নের স্বার্থে পর্যায়ক্রমে উপজেলার সকল স্বাস্থ্য কর্মীদের ব্যাগ ও রেইনকোর্ট প্রদান ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আঙ্গিনার পরিবেশ রক্ষার্থে কাঁটা তারের বেরা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ
৩	আর্থিক বিবরণী উপস্থাপন	উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্স, পরিষদের পুকুর পরিষ্কার ও তাহার বাসভবনের আঙ্গিনা পরিষ্কার করানো বাবদ মোট	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কমপ্লেক্স, পরিষদের পুকুর পরিষ্কার ও তাহার বাসভবনের	উপজেলা পরিষদ জগন্নাথপুর

		২৪৮৫০/= (চব্বিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে, গেজেটেড বাসা ১-এ ০৩ টি সিলিং ফ্যান ও বাথরুমের দরজা লাগানো বাবদ ১৩২১৮/= (তের হাজার দুইশত আটার) টাকা, নন গেজেটেড বাসা এ-১ এ ০১টি সিলিং ফ্যান লাগানো বাবদ ৩২০০/= (তিন হাজার দুইশত) টাকা ব্যয় হয়েছে। উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটারের প্রিন্টারের কালি বাবদ ৩০০০/= (তিন হাজার) টাকা, ডরমেটরী ভবনের পানির পাম্প ক্রয় ও পানির লাইন লাগানো বাবদ ২৪,৯৮৮/= (চব্বিশ হাজার নয়শত আটাশি) টাকা, ডরমেটরী ভবনের পানির পাম্প ক্রয় ও পানির লাইন লাগানো কাজের মজুরী বাবদ ৩০০০/= (তিন হাজার) টাকা, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সম্মেলন কক্ষের ০২(দুই) টি নতুন দরজা লাগানো বাবদ ২৫০০০/= (পঁচিশ হাজার) টাকা । এছাড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং ৪৬.০৪১.০৩০.০১৯.০১৯.২০১০ (অংশ) ২২৮ তারিখ ঃ ১৯.০৫.২০১৫ খ্রি. দেশের জাতীয় প্রতিষ্ঠান সমূহে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খন্ড) গ্রন্থমালা বিতরণের জন্য মেসার্স হাক্কানী পাবলিশার্স হতে উক্ত গ্রন্থ মালা (১৫ খণ্ড) সরকারি নির্ধারিত মূল্যে ১৫০০০/= (পনের হাজার) টাকার চেক/পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট- এর মাধ্যমে সরবরাহ নেয়ার জন্য বারবার নির্দেশনা দেওয়া হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে মেসার্স হাক্কানী পাবলিকেশন হতে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খন্ড) গ্রন্থমালা উপজেলা পরিষদ বিবিধ তহবিল থেকে ১৫০০০/= (পনের হাজার) টাকার চেকের মাধ্যমে ক্রয় করার হয়। উক্ত ১৫০০০/= (পনের হাজার) টাকাসহ উপরে উল্লেখিত বিল সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব করেন।	আঙ্গিনা পরিষ্কার করানো বাবদ মোট ২৪৮৫০/= (চব্বিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা, গেজেটেড বাসা ১-এ ০৩ টি সিলিং ফ্যান ও বাথরুমের দরজা লাগানো বাবদ ১৩২১৮/= (তের হাজার দুইশত আটার) টাকা, নন গেজেটেড বাসা এ-১ এ ০১টি সিলিং ফ্যান লাগানো বাবদ ৩২০০/= (তিন হাজার দুইশত) টাকা, উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটারের প্রিন্টারের কালি বাবদ ৩০০০/= (তিন হাজার) টাকা, ডরমেটরী ভবনের পানির পাম্প ক্রয় ও পানির লাইন লাগানো বাবদ ২৪,৯৮৮/= (চব্বিশ হাজার নয়শত আটাশি) টাকা, ডরমেটরী ভবনের পানির পাম্প ও পানির লাইন লাগানো কাজের মজুরী বাবদ ৩০০০/= (তিন হাজার) টাকা, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সম্মেলন কক্ষের ০২(দুই) টি নতুন দরজা লাগানো বাবদ ২৫০০০/= (পঁচিশ হাজার) টাকা এবং মেসার্স হাক্কানী পাবলিকেশন হতে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খন্ড) গ্রন্থমালা ক্রয় করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ১৫০০০/= (পনের হাজার) টাকাসহ ব্যয়িত বিল সমূহ উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সুনামগঞ্জ।
০৪	বিবিধ	ক) জনাব ডাঃ মোঃ আব্দুল হাকিম, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি উপজেলা পরিষদের পক্ষ থেকে কুকুরে কামরানোর ভেক্সিম জলাতঙ্ক রোগের ইনজেকশন ও ঔষধ সরবারহ এবং ৩৩ জন সহকারী স্বাস্থ্য পরিদর্শককে রেইনকোর্ট ও ব্যাগ প্রদান করায় উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। তিনি জানান এই ইনজেকশন থেকে শুধুমাত্র গরীব ও অসহায় ব্যক্তিবর্গকে চিকিৎসা	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং শুধুমাত্র গরীব ও অসহায় ব্যক্তিবর্গকে কুকুরে কামরানোর ভেক্সিম বিনামূল্যে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জগন্নাথপুর।

		প্রদানে সহায়তা করা হবে। তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এ ব্যাপারে সহযোগিতা করার অনুরোধ জানান এবং কোন গরীব ও অসহায় ব্যক্তিকে কুকুরে কামরালে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সুপারিশক্রমে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করার অনুরোধ জানান। তিনি আরও জানান নিয়মিত কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানো ও ভিটামিন-এ প্লাস কেম্পেইন এবং ইপিআই কার্যক্রম যথযথভাবে চলছে। এছাড়া উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের ইনডোর ও আউটডোরে যথাযথ চিকিৎসা কার্যক্রম চলছে।		
		খ) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান রোপা আমন আবাদের কাজ চলছে। তিনি জানান কোন জমি পতিত রাখা যাবে না। বর্তমান সরকারের অঙ্গীকার চাষযোগ্য কোন জমি যেন পতিত না থাকে। এ জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া তিনি জানান প্রতিটি ইউনিয়নে উপজেলা কৃষি অফিসের মাধ্যমে সরকারিভাবে ১টি করে ধান রোপনের মেশিন ও ২টি করে ধান কাটার মেশিন প্রদান করা হবে।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা জগন্নাথপুর
		গ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম ভালভাবে অব্যাহত আছে। তিনি আরও জানান যে, পবিত্র ঈদুল ফিতর/২০১৫ উপলক্ষে সরকারি ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের বাসাবাড়ীর নিরাপত্তার কাজে ০২ জন আনসার নিয়োগ করা হয়। আনসারগণ দায়িত্ব ভাতা বাবদ ৩২০০/= (তিন হাজার দুইশত) টাকা প্রাপ্য হন। তিনি উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল থেকে উক্ত বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর,সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৫- (৪০) তারিখ ঃ- ১১/০৮/২০১৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১) মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫) জনাব...,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬) মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭) উপজেলা..,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮) চেয়ারম্যান,..ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯) জনাব..।
১০) অফিস কপি

(মোহাম্মদ হুমায়ুন কবির)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।